



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৭০২

তারিখ: ০৫/০১/২০২৬ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে বেগম খালেদা জিয়ার স্মরণসভা ও দোয়া অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী ও কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনকারী বেগম খালেদা জিয়া'র স্মরণসভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। আজ (৫ জানুয়ারি) সোমবার দুপুর ১২টায় প্রশাসনিক ভবনের ৪১১ নং কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মাসুদা কামাল এবং মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান। এছাড়াও উপস্থিত ছিলেন ডিন, প্রভোস্ট, বিভাগীয় প্রধানগণসহ ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম।

মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মাসুদা কামাল বলেন, "আজকে আমরা গভীর শোক এবং শোকাহত মন নিয়ে এখানে উপস্থিত হয়েছি। এই শোক সভা শুধুমাত্র আমাদের জন্য শোকের নয়, এটি আমাদের হৃদয়ের গভীর অনুভূতির প্রকাশ। বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের এক অবিচ্ছেদ্য নাম দেশনেত্রী বেগম খালেদা জিয়া। তিনি বারবার আমাদেরকে শিখিয়েছেন ব্যক্তিগত দুঃখকে, শক্তিকে রূপান্তরিত করে দেশ ও মানুষের পাশে দাঁড়ানো যায়। আজকের এই শোক সভায় আমরা তার আত্মার মাগফেরাত কামনা করছি।"

মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, "আমরা এমন একজন মানুষকে নিয়ে কথা বলতেছি, যিনি এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। ঐক্যের প্রতীক মহিয়সী নারী বেগম খালেদা জিয়া বাংলাদেশের বৃহৎ রাজনৈতিক দল, গণতান্ত্রিক ধারা এবং বাংলাদেশপন্থী রাজনীতি করে গিয়েছেন। বেগম জিয়া আমাদের মাঝে স্মরণীয় হয়ে থাকবেন। তিনি সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনা করেন।

অনুষ্ঠানের সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. আব্দুল হাকিম বলেন, "তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ভালো কাজের মাধ্যমে আমাদের মাঝে স্মরণীয় হয়ে আছেন এবং থাকবেন, তার ভালো কাজের মাধ্যমে তাকে আল্লাহ বেহেশত দান করুক। আমাদের উচিত সবসময় ভালো কাজ করা, খারাপ কাজ থেকে বিরত থাকা। তিনি বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনা করেন।"

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এম এম শরীফুল করীম, আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ সৈয়দুর রহমান, রেজিস্ট্রার প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন, বিজয়-২৪ হলের প্রভোস্ট ড. মোহাম্মদ মাহমুদুল হাছান খান।

স্মরণসভা শেষে বেগম খালেদা জিয়া ও শহীদ আবদুল কাইউমের রুহের মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।